গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা শাখা
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬. ৯৭৫ (৮) তারিখ: ২৪/০৬/২০২৬

**বিষয়: জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি ও সমবায়ী নির্বাচন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২৩.০২৯.২০.৩৪৩; তারিখ: ০৪/০৬/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদ অনুযায়ী মোট ১৪টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (০২ জন পুরুষ ও ০২ জন মহিলা) মনোনয়ন প্রক্রিয়া উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে সম্পন্ন করে পর্যায়ক্রমে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২। শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

**২ (ক) দায়িত্ব ও সময়সীমা:**

| ক্র. নং | দায়িত্বপ্রাপ্ত কমিটি | কার্যাবলি | সময়সীমা |
|---|---|---|---|
| ১ | উপজেলা কমিটি | জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৬.১ দফা অনুযায়ী প্রাপ্ত আবেদন নির্ধারিত মূল্যায়ন সূচকের আলোকে বাছাই সম্পন্ন করে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ। | ২৬/০৭/২০২৬ |
| ২ | জেলা কমিটি | জেলা কমিটি বাছাই সম্পন্ন করে তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ। | ১০/০৮/২০২৬ |
| ৩ | বিভাগীয় কমিটি | বিভাগীয় কমিটি বাছাই সম্পন্ন করে তালিকা (সফট কপি, ০৫ প্রস্ত হার্ড কপি ও মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনায় ৩-৪ মিনিটের ভিডিও ডকুমেন্টারিসহ) সমবায় অধিদপ্তরের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাছাই কমিটির নিকট প্রেরণ। | ৩০/০৮/২০২৬ |

**২ (খ) তালিকা প্রণয়নের নির্দেশনা:**

১। সংযুক্ত ছক **MS Word এ ইউনিকোড Nikosh ফন্ট** ব্যবহার করে **Legal size কাগজে Landscape orientation** এ টাইপ করতে হবে। অন্য কোনো ফন্টের সাথে মিশ্রণ করা যাবে না।

২। মনোনীত সমবায় সমিতি বা সমবায়ীর জন্য ছকে সন্নিবেশিত তথ্য **উপযুক্ত রেকর্ড দ্বারা সমর্থিত** হতে হবে।

**২ (গ) অতিরিক্ত নির্দেশনা:**

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে আলাদাভাবে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে।

৩। এমতাবস্থায়, জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ প্রস্ত ছক।

২৪/৬/২৬
মোঃ মিজানুর রহমান
যুগ্মনিবন্ধক (ইপিপি)

যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

E:\Award ২০২৫\Draft Soft Copy of ২০২৫\নির্দেশনা পত্র.doc